

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৪৩

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفَصِيْلُ الثَّنِفْ \_ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

### আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَدْخُلُ الْفُقَرَاءُ الْجَنَّةَ قَبْلَ الْأَغْنِيَاءِ بِخَمْسِمِائَةِ عَامٍ نِصنْفِ يَوْمٍ» . رَوَاهُ التِّرْمِذِيّ

حسن ، رواه الترمذى (2353 وقال: حسن صحيح) [و ابن ماجم (4122)] سفيان الثورى صرح بسماع عند ابى يعلى (10 / 411 ح 6018 و سنده حسن) و صححم ابن حبان (2567) ـ

(صَحِيح)

#### বাংলা

৫২৪৩-[১৩] আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) - বলেছেন: গরীবরা ধনীদের পাঁচশত বছর পূর্বে জান্নাতে প্রবেশ করবে। আর তা হবে কিয়ামাতের অর্ধদিন। (তিরমিযী)

## ফুটনোট

হাসান সহীহ: তিরমিয়ী ২৩৫৩, ইবনু মাজাহ ৪১২২, শুআবুল ঈমান ১০৩৮২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : ইতিপূর্বে এ হাদীসের কিছু ব্যাখ্যা অতিবাহিত হয়েছে। আখিরাতের একদিন দুনিয়ার এক হাজার বছরের সমান। অর্ধদিন পাঁচশত বছরের সমান। আল্লাহর বাণী : (وَ إِنَّ يَوْاَمًا عِنْالَدَ رَبِّكَ كَالْاَفَ سَنَةً مِّمًا تَغُدُّوانَ) "আর তোমার রবের দরবারে (কিয়ামাতের) একদিন তোমাদের হিসাবের এক হাজার বছরের সমতুল্য।" (সূরাহ্



আল হাজ্জ ২২:৪৭) অন্য স্থানে রয়েছে : "একদিন যার পরিমাণ পঞ্চাশ হাজার বছর।" (সূরাহ আল মা'আরিজ ৭০: ০৪)

আরেকটি প্রশ্ন এই যে, এ হাদীসে পাঁচশত বছরের কথা এসেছে পূর্বের অন্য হাদীসে চল্লিশ বছরের কথা উল্লেখ হয়েছে। এর উত্তরে মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, পূর্বের হাদীসে উল্লেখিত ধনী দ্বারা উদ্দেশ্য হলো ধনী মুহাজিরীন, অর্থাৎ ধনী মুহাজিরীনদের চেয়ে গরীব মুহাজিরীগণ চল্লিশ বছর পূর্বে জান্নাতে প্রবেশ করবেন। দ্বিতীয় হাদীসে উল্লেখিত ধনী দ্বারা উদ্দেশ্য মুহাজির ছাড়া অন্যান্য মু'মিন। অথবা রাসূলুল্লাহ (সা.)-এর নিকট প্রথমে চল্লিশ বছরের কথা জানানো হয়েছিল, ফলে তিনি তাই বলেছিলেন, পরবর্তী পাঁচশত বছরের কথা জানানো হলে তিনি পাঁচশত বছরের কথাই বলেছেন। অথবা গরীবেরও বিভিন্ন স্তর রয়েছে, সর্বোচ্চ স্তরের গরীবেরা পাঁচশত বছর পূর্বেই জান্নাতে যাবে এবং সর্বনিম্ন স্তরের গরীবেরা ধনীদের চল্লিশ বছর পূর্বে জান্নাতে যাবে। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩১৩ পূ.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন